



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং - ক/অ/

তারিখ :

বিষয় : গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ-এর চলমান নির্বাহী কমিটির সভাপতি পদ হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর এর ১৪-০২-২০১৭ খ্রি. তারিখের জেশিঅ/মেহের/১০৬ নং স্মারক পত্র।

খ) সভাপতি মহোদয়ের ২৮-০২-২০১৭ খ্রি. ও ২০-০৩-২০১৭ খ্রি. তারিখে প্রেরিত জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন “গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের” নির্বাহী কমিটির সভাপতি জনাব মোশারফ হোসেন এর বিরুদ্ধে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট হতে ফরম পূরণের নামে সরকার নির্ধারিত ফি এর চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করে উক্ত অর্থ আত্মসাৎ করা, বিদ্যালয়ের পুকুর ইজারার টাকা বিনা রশিদে আদায় করে আত্মসাৎ করা, বিদ্যালয়ের জমিতে নির্মিত দোকান ভাড়ার টাকা নিয়মিতভাবে বিনা রশিদে আদায় করে আত্মসাৎ করা, শিক্ষক নিয়োগে বাণিজ্য, এবং প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ না করে নিজের খেয়াল খুশিমত হিসাব পরিচালনা করাসহ নানাবিধ আর্থিক দুর্নীতির অভিযোগ জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর এবং জেলা প্রশাসক, মেহেরপুর এর তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে এ বোর্ড হতে গত ২২-০২-২০১৭ খ্রি. তারিখে ক/অ/১৮১ নং স্মারকে আপনাকে কারণ দর্শানো হয়। পরবর্তীতে গত ১৩-০৩-২০১৭ খ্রি. তারিখে ক/অ/২১৮ নং স্মারকপত্রে একই বিষয়ে চূড়ান্ত কারণ দর্শানো হয়। কিন্তু এ ক্ষেত্রে আপনার প্রেরিত জবাব জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর এবং জেলা প্রশাসক, মেহেরপুর কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনের জবানবন্দি ও অন্যান্য কাগজপত্রের সাথে সম্পূর্ণ অসঙ্গতিপূর্ণ।

এমতাবস্থায়, ফরম পূরণের নামে বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট হতে সরকার নির্ধারিত ফি এর চেয়ে অতিরিক্ত অর্থ আদায় ও আত্মসাৎ করে সরকার কর্তৃক প্রণীত আইনের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শন করেছেন। বিদ্যালয়ের পুকুর ইজারার টাকা বিনা রশিদে গ্রহণ করে প্রতিষ্ঠানের তহবিলে জমা না দিয়ে আত্মসাৎ করা, শিক্ষক নিয়োগের মাধ্যমে অর্থ বাণিজ্য করা, প্রতিষ্ঠান জাতীয়করণের নামে বিদ্যালয়ের তহবিল হতে বিপুল পরিমাণ অর্থ বিধিবিহীনভাবে আত্মসাৎ করা এবং প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ না করায় গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের নির্বাহী কমিটির সভাপতি পদ হতে জনাব মোশারফ হোসেনকে অব্যাহতি প্রদান করা হ'ল এবং একই সাথে প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের চলমান নির্বাহী কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি হিসেবে জেলা প্রশাসক, মেহেরপুরকে মনোনয়ন দেয়া হল।

শ্রীঃ—

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮।

জেলা প্রশাসক, মেহেরপুর ও সভাপতি

নির্বাহী কমিটি

গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ

ডাক ও উপজেলা : গাংনী, মেহেরপুর।

স্মারক নং- ক/অ/ ২৩৪(২)/১-১)

তারিখ : ২৭/৩/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৭। জনাব মোশারফ হোসেন, প্রাক্তন সভাপতি, নির্বাহী কমিটি, গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ ডাক ও উপজেলা : গাংনী, মেহেরপুর।
- ৮। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাংনী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, ডাক ও উপজেলা : গাংনী, মেহেরপুর।
- ৯। অফিস কপি।

২৭/৩/১৭
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

২৭/৩/১৭